17

আজকের কাগজ

তারিখ 29 JUN 1995
পৃষ্ঠা ১৮ কলাম ১৮

# হোসেনপুর মহিলা কলেজের স্থান পরিবর্তন করার প্রতিবাদে ছাত্রী ও এলাকাবাসীর সমাবেশ

কিশোরগঞ্জ জেলার হোসেনপুর মহিলা কলেজের স্থান নির্বাচনকে কেন্দ্র করে হোসেনপুর ঈদগাহ মাঠে শাহ আব্দুর রহিমের সভাপতিত্বে এক প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন- হোসেনপুর ডিগ্রী কলেজের অধ্যাপক নূরুল হক, অধ্যাপক সৈয়দ আহাম্মদ, মিজল ইউপি চেয়ারম্যান আইয়ুব আলী, আড়াইবাড়ীয়া ইউপি'র সাবেক চেয়ারম্যান মেজবাহ উদ্দিন, আবুল মিয়া, সিরাজউদ্দিন, সালাউদ্দিন সবুজ, শাহ আঃ বাসেদ, আরজু মিঞা প্রমুখ। বক্তারা বলেন, হোসেনপুর আদর্শ মহিলা কলেজের কার্যক্রম গত ৬ জুন '৯৪ থেকে কোর্ট বিল্ডিং এ শুরু হয়। বর্তমানে কলেজটি স্থানান্তরিত করার নিমিত্তে কোর্ট বিল্ডিং ও তৎসংলগ্নে স্থানান্তরিত করার আলাপ আলোচনা হচ্ছে। এদিকে, এলাকার জনসাধারণ ও বাস্তবায়ন কমিটির আহবায়ক ও সদস্যদের পরামর্শ ছাড়াই নৌ পরিবহন উপমন্ত্রী এবিএম জাহিদুল হক অজ্ঞাত কারণে একক সিদ্ধান্তে হোসেনপুর বাজার থেকে ২ কিলোমিটার দূরে খেলার মাঠের পাশে ফিডার সড়ক সংলগ্ন এলাকায় জমি ক্রয় করেছেন। এতে এলাকার জনমনে ও ছাত্রীদের মধ্যে ক্ষোভের সঞ্চার হয়েছে। কলেজটি কোর্ট বিল্ডিং এলাকায় প্রতিষ্ঠিত হোক এটা এলাকাবাসীর দাবি। হোসেনপুর থেকে কাগজ প্রতিনিধি।